তারিখ ... ২৩ JUL 1997 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ......

দৈনিক ইনকিলাব

55

# ভিসির কাছে খুলনা ভার্সিটির অর্ধশত শিক্ষকের ১০ দফা দাবীনামা পেশ

খুলনা ব্যুরো ঃ খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রায় অর্ধশত শিক্ষক ১০ দফা সম্বলিত তাদের সমস্যা সমাধানের দাবীতে এক লিখিত দাবীদামা আগামী এক সপ্তাহের মধ্যে পূরণ করার জন্য ভাইস চ্যান্সেলরের নিকট পেশ করেছেন।

দাবীনামার মধ্যে কয়েকটি দাবী রয়েছে– যা ভিসির একক সিদ্ধান্তে বাস্তবায়ন সম্ভব নয়। এগুলো বাস্তবায়ন করতে কমিটি গঠন, কমিটির প্রণীত সুপারিশ এবং সিন্ডিকেটে তা অনুমোদন করতে হবে। দুএকটি দাবী পূরণে সরকারী সিদ্ধান্তের প্রয়োজন রয়েছে।

আবার কয়েকটি দাবী গত ২২ জুলাইর সিন্ডিকেটের সভায় অনুমোদিত হলেও তার পরিবর্তনের দাবী করা হয়েছে। বিষয়টি নিয়ে ব্যাপক আলোচনার ও প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে। কারণ, যে সকল শিক্ষক ১০ দফা দাবীতে সভা এবং দাবীনামা পেশ ও তাতে স্বাক্ষর করেছেন (এমনকি যে শিক্ষকের ভাসভবনে ২৪ জুলাই সভা হয়েছে গভীর রাত পর্যন্ত) তার মধ্যে ৩ জনই সিন্ডিকেটের সদস্য রয়েছেন। ২২ জুলাই-এর সিন্ডিকেটে অনুমোদিত সিদ্ধান্তের বিরুদ্ধে নতুন করে আবার তা পরিবর্তনের দাবী জানানোর প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়সহ ঐ মহলের ব্যাপক সমালোচনা হচ্ছে।

শিক্ষকদের দাবীগুলো সম্পর্কে ভিসি জানান, সব দাবীগুলোর ব্যবস্থা নেয়া হচ্ছে. তবে গত ২২ জুলাই-এর সিন্ডিকেটের সভায় এ দাবীর কয়েকটি অনুমোদিত হয়েছে। তাছাড়া অনেক দাবী পূরণের ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

উল্লেখ্য যে, দাবীর মধ্যে শিক্ষকগণ দুর্নীতিবাজ রেজিস্ট্রার এর বিরুদ্ধে আনীত অভিযোগের ব্যাপারে সুবিচারের দাবী জানান। অথচ বিষয়টি প্রশাসনিক ও সিন্ডিকেটের সভায় সিদ্ধান্ত নেয়া হয়েছে। যা শিক্ষকদের দাবীর সাথে কোনভাবেই সম্পৃক্ত নয়।

দাবীনামাতে সিন্ডিকেটের সদস্য ডঃ প্রফেসর আব্দুর রহমান, ডঃ প্রফেসর সাইফুন শাহ, মোঃ মোজাম্মেল হক আজাদ খানও রয়েছেন।